গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “নরসিংদী জেলার অন্তর্ভূক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুন:খনন প্রকল্প (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১০/০২/২০২১।
সভার সময়	১২.৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম প্রকল্পের মৌলিক তথ্যাবলী, ভৌত ও আর্থিক অগ্রগতি সম্পর্কে সকলকে অবহিত করেন। প্রকল্পটি বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়ন হওয়ায় সভাপতির অনুমতিক্রমে সেনাবাহিনীর প্রকল্প পরিচালক জনাব লেঃ কর্নেল কিসমৎ হায়াৎ, পিপিএম সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রকল্পের ভৌত ও আর্থিক অগ্রগতি সম্পর্কে উপস্থাপন করেন। তিনি বলেন ইতোমধ্যে প্রকল্পের মেয়াদকাল ৩৪ মাস অতিবাহিত হয়েছে এবং চলতি মাস পর্যন্ত প্রকল্পের ভৌত অগ্রগতি ৬০.০০% এবং আর্থিক অগ্রগতি ৩৭.৩৫%।

২। সভাপতি প্রকল্পের ভৌত অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। প্রকল্প বাস্তবায়ন কাজে কোন সমস্যা রয়েছে কিনা তা জানতে চাইলে সেনাবাহিনীর প্রকল্প পরিচালক কর্তৃক নিম্নবর্ণিত বিষয়গুলো উপস্থাপন করা হয়ঃ

২.১) ১ম সংশোধিত ডিপিপি (আরডিপিপি) অনুমোদন হওয়ায় আরডিপিপি অনুযায়ী প্রয়োজনীয় অর্থ বরাদ্দ ব্যতিত প্রকল্পের স্বাভাবিক অগ্রগতি ব্যাহত হচ্ছে এবং নির্ধারিত সময়ে বাস্তবায়ন চ্যালেঞ্জিং হবে। প্রকল্প কাজটি স্বাধীনতার রজত জয়ন্তীর উপহার হিসেবে “১৬ ডিসেম্বর ২০২১” এ সমাপ্তি এবং উদ্বোধনের লক্ষ্য অর্জনে আরডিপিপি অনুসারে অর্থ বরাদ্দ প্রয়োজন।

২.২) প্রকল্পের নদীসমূহের ড্রেজিং এবং এস্কাভেশন কাজ প্রায় ৮০-১০০% সম্পন্ন হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড-এর নরসিংদী পওর বিভাগ, টাস্কফোর্স এবং বাংলাদেশ সেনাবাহিনীর যৌথ জরীপের মাধ্যমে পোস্ট সার্ভে কাজ দ্রুত (আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে) সম্পন্ন করা প্রয়োজন।

২.৩) স্থানীয় কল-কারখানার (ডাইং কাজ) নির্গত বর্জ্য দ্বারা খননকৃত নদীর পুন:ভরাটের সমস্যার কারণে একই স্থানে একাধিক বার খনন কাজ করতে হচ্ছে। এ প্রেক্ষিতে খনন কাজ সম্পন্নের দুই মাসের মধ্যে পোস্ট-সার্ভে সম্পন্ন করে আংশিকভাবে সম্পন্নকৃত কাজ হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২.৪) নদীর পাড়ের অবৈধ স্থাপনা উচ্ছেদ-ব্রহ্মপুত্র নদের নরসিংদী ও নারায়ণগঞ্জ অংশে (বিশেষ করে মাধবদী ইন্ডাস্ট্রিয়াল জোনের) স্থানীয় প্রশাসন কর্তৃক চিহ্নিত ১৫৭টি বহুতল ভবনের পাশাপাশি “আরো ২৫০টি অবৈধ ভবন/স্থাপনা” এর উচ্ছেদ অভিযান পরিচালনার আওতাভুক্ত করা প্রয়োজন।

২.৫) নদীর প্রবাহ চলমান করার স্বার্থে জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধিনস্থ জিটিসিএল (GTCL) এর

মাধ্যমে নদীর (অববাহিকার) মধ্যে বিদ্যমান গ্যাস পাইপ লাইন নিয়মতান্ত্রিকভাবে নির্দিষ্ট গভীরতায় পুন:স্থাপন করা জরুরি।

৩। সভায় প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা বলেন, অর্পিত ক্রয়কার্য (ডেলিগেটেড) হিসেবে বাস্তবায়িত কাজসমূহের বাস্তব এবং বিল ভাউচারসহ ডিপিপির প্যাকেজ অনুযায়ী আর্থিক অগ্রগতি বাপাউবো বরাবর দাখিল করা প্রয়োজন। অন্যথায় অডিট আপত্তির সম্মুখীন হতে হয়। তাছাড়া MoU-এর শর্ত মোতাবেক বাপাউবোর মাধ্যমে আইএমইডিতে নিয়মিত রিপোর্ট দাখিল করা প্রয়োজন।

৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্রঃনঃ	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ক	প্রকল্পের চাহিদাকৃত অর্থ ছাড়ের ব্যাপারে পরিকল্পনা মন্ত্রণালেয়ের সংশ্লিষ্ট বিভাগকে পত্রের মাধ্যমে অবহিত করে অর্থ মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন করতে হবে।	পরিকল্পনা উইং, পাসম
খ	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সংশ্লিষ্ট পওর বিভাগসমূহ, টাস্কফোর্স এবং বাংলাদেশ সেনাবাহিনীর যৌথ জরীপের মাধ্যমে পোস্ট সার্ভে কাজ দ্রুত (আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে) সম্পন্ন করার লক্ষ্যে আগামী ১৫ দিনের মধ্যে খননকৃত নদীতে টাস্কফোর্স কর্তৃক পোস্ট সার্ভে কাজ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট পওর বিভাগ/ টাস্কফোর্স, বাপাউবো / বাংলাদেশ সেনাবাহিনী
গ	যে সকল শিল্প কারখানা (বিশেষ করে ডাইং এর কাজের সংগে সম্পৃক্ত) পুনঃখননকৃত নদীগুলোকে প্রতিনিয়তই দূষণ করে যাচ্ছে, তার প্রতিকারে ইটিপি (ETP) বিহীন ও ইটিপি থাকা সত্ত্বেও ব্যবহারহীন কারখানা সমূহের তালিকা প্রস্তুত করতঃ জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে বর্জ্যের নি:সরন বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাপাউবো/ বাংলাদেশ সেনাবাহিনী/সভাপতি জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি
ঘ	নদীর পাড়ের অবৈধ স্থাপনা উচ্ছেদ-ব্রহ্মপুত্র নদের নরসিংদী ও নারায়ণগঞ্জ অংশে (বিশেষ করে মাধবদী ইন্ডাস্ট্রিয়াল জোনের) স্থানীয় প্রশাসন কর্তৃক চিহ্নিত ১৫৭টি বহুতল ভবনের পাশাপাশি "আরো ২৫০টি অবৈধ ভবন/স্থাপনা" এর উচ্ছেদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা প্রশাসক, নরসিংদী/বাপাউবো/বাংলাদেশ সেনাবাহিনী
ঙ	নদীর নাব্যতা ও প্রবাহে বাধা সৃষ্টিকারী ২৪ ইঞ্চি ও ৩০ ইঞ্চি ব্যাসের গ্যাস পাইপ লাইন সঠিক স্থানে স্থানান্তরের জন্য পানি উন্নয়ন বোর্ড থেকে জিটিসিএল কর্তৃপক্ষ বরাবরে পত্র দিতে হবে, অত:পর পানি সম্পদ মন্ত্রণালয় থেকে জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বরাবর পত্র প্রদান করা হবে।	বাপাউবো/বাংলাদেশ সেনাবাহিনী/পাসম
চ	প্রকল্পের বাস্তবায়িত কাজসমূহের বাস্তব এবং বিল ভাউচারসহ ডিপিপির প্যাকেজ অনুযায়ী আর্থিক অগ্রগতি এবং আইএমইডিতে প্রেরণের জন্য প্রস্তুতকৃত রিপোর্ট বাপাউবো বরাবর দাখিল করতে হবে।	বাংলাদেশ সেনাবাহিনী।
ছ	পানি উন্নয়ন বোর্ডের হাইড্রোলজি বিভাগ মাঝের চর ও ত্রিমোহিনী সমস্যা নিয়ে একটি Study করে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।	হাইড্রোলজি বিভাগ, বাপাউবো

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০০০.১৪.০৩০.১৭-১০১

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৭

২৫ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।

২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১২) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী

১৫) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৬) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৭) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, বা/এ, ঢাকা।

১৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৯) উপ-সচিব (পরিকল্পনা-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০) জনাব কিসমৎ হায়াৎ, লে: কর্ণেল ও প্রকল্প পরিচালক, “নরসিংদী জেলার অন্তর্ভুক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া, নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুন:খনন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প, প্রকল্প পরিচালকের কার্যালয়, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা।

২১) তত্ত্বাবধায় প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, “নরসিংদী জেলার অন্তর্ভুক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুন:খনন” শীর্ষক প্রকল্প, ঢাকা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

২২) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

২৪) নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট প্রকল্প), নরসিংদী পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নরসিংদী।

২৫) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
সিনিয়র সহকারী সচিব